

❏ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ২৯৬০

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১১. তৃতীয় অনুচ্ছেদ - কারো সম্পদে অন্যায় হস্তক্ষেপ, ঋণ ও ক্ষতিপূরণ

আরবী

وَعَنْهُ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «أَيُّمَا رَجُلٍ ظَلَمَ شَيْئًا مِنْ الْأَرْضِ كَلَّفَهُ اللَّهُ عَزَّ وَجَلَّ أَنْ يَحْفَرَهُ حَتَّى يَبْلُغَ آخِرَ سَبْعِ أَرْضِينَ ثُمَّ يُطَوَّقَهُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ حَتَّى يُقْضَى بَيْنَ النَّاسِ». رَوَاهُ أَحْمَدُ

বাংলা

২৯৬০-[২৩] উক্ত রাবী [ইয়া'লা ইবনু মুররাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, যে কেউ অন্যায়ভাবে কারো এক বিঘত জমি নিয়ে নেয়, আল্লাহ তাকে তার জমিনের সাত তবকের শেষ পর্যন্ত খুঁড়তে বাধ্য করবেন। অতঃপর তার গলায় তা শিকলরূপে পরিয়ে দেয়া হবে, যতক্ষণ পর্যন্ত না মানুষের (হাশরের) বিচার শেষ করা হয়। (আহমাদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আহমাদ ১৭৫৭১, সহীহাহ্ ২৪০, সহীহ আল জামি' ২৭২২, সহীহ আত্ তারগীব ১৮৬৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِلَى يَوْمِ الْقِيَامَةِ) খুঁড়তে নির্দেশ করা হবে কবরে যা শেষ হবে কিয়ামত পর্যন্ত।

(حَتَّى يُقْضَى بَيْنَ النَّاسِ) উল্লেখিত অংশে অবিরাম শাস্তি ও শাস্তি হতে মুক্তি না পাওয়ার ব্যাপারে ইঙ্গিত রয়েছে। (মিশকাতুল মাসাবীহ)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ ইয়া'লা ইবনু মুররাহ্ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68287>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন